

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৬২

٩. यन गलाता त्रु पिष्ठ छे अति ग्रामें (کتَابُ الرَّقَائق)

পরিচ্ছেদঃ নিয়মিত কুর'আন পাঠকারী ও কুর'আন পাঠে অবহেলাকারী ব্যক্তিকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বাঁধা উটের সাথে উপমা দিয়েছেন

ذِكْنُ تَمْثِيلِ الْمُصنطَفَى صلَّى اللَّهُ عَلَيْهِ وَسلَّمَ الْمُوَاظِبَ عَلَى قِرَاءَةِ الْقُرْآنِ والمُقَصِّر فِيهَا بالْإبل المُعَقَّلة

আরবী

762 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ أَخْبَرَنَا أَحمد بن أبي بكر عن مالك عن نَافِعٍ عَنِ ابْنِ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّ مَثَلَ صَاحِبِ الْقُرْآنِ مَثَلُ صَاحِبِ الْقِبلِ المُعَقَّلَة إِنْ عاهد عليها عَقَلَهَا وإن أطلقها ذهبت) الراوي: عَبْد اللَّهِ ابْن عُمرَ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان. التعليقات الحسان على صحيح ابن حبان. الصفحة أو الرقم: 1762 خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৭৬২. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "কুর'আন বাহকের উদাহরণ হলো বাঁধা উট; যদি সে তার খোঁজ-খবর রাখে, তবে সে তাকে রাখতে পারবে আর যদি সে তাকে ছেড়ে দেয়, তবে সে চলে যাবে।"[1]

ফুটনোট

[1] বাগাবী, শারহুস সুন্নাহ: ১২২১; মুয়াত্তা ইমাম মালিক: ১/২০২; মুসনাদ আহমাদ: ২/৬৪; সহীহ আল বুখারী: ৫০৩১; সহীহ মুসলিম: ৭৮৯; নাসাঈ: ২/১৫৪; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৫০০; মুসান্নাফ আব্দুর রায্যাক: ৫৯৭১; ইবনু মাজাহ: ৩৭৮৩।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী



রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ২/২১৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন